শেষের পাতা

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন বক্তৃতায় বান কি মুন

# তরুণদের বিশ্ব নাগরিক হিসেবে গড়তে হবে

**প্রকাশ:** ১১ ঘণ্টা আগে | Like 0 Share 0

**কূটনৈতিক প্রতিবেদক**



(https://samakal.com/revive/www/delivery/ck.php?oaparams=2__bannerid=153__zoneid=81__cb=c7d910185e__oadest=https%3A%2F%2Fbit.ly%2F2qb9Juo)



(JavaScript:void(0))

*শনিবার বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৩তম সমাবর্তন অনুষ্ঠানে জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুনের হাতে ক্রেস্ট তুলে দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ- পিআইডি*

তরুণদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন জাতিসংঘের সাবেক মহাসচিব বান কি মুন। গতকাল শনিবার ঢাকায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, বর্তমানে বিশ্বজুড়ে যে দ্বন্দ্ব-সংঘাত এবং সংকট তা একক কোনো দেশের মধ্যে সীমাবদ্ধ নেই। একটা দেশের, একটা অঞ্চলের চ্যালেঞ্জ এখন বিশ্বজুড়েই প্রভাব ফেলে। এ কারণে আজকের তরুণদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তোলার বিকল্প নেই। প্রায় ১৪ মিনিটের বক্তৃতায় তিনি জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশকে অনুকরণীয় হিসেবেও উল্লেখ করেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৩তম সম্মেলন উদ্বোধন করেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। উদ্বোধনের আনুষ্ঠানিকতার পরই সমাবর্তন বক্তৃতার পর্ব শুরু হয়। আর্মি স্টেডিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে বান কি মুন সমাবর্তন বক্তৃতা দিতে দাঁড়ালে বিপুল করতালিতে তাকে স্বাগত জানানো হয়।

বক্তব্যের শুরুতেই বান কি মুন বলেন, সমাবর্তন একটি বিশ্ববিদ্যালয়ের সবচেয়ে বড় আয়োজন। এ ধরনের একটি মহৎ আয়োজনে তাকে আমন্ত্রণ জানানোয় তিনি সম্মানিত বোধ করছেন। বিশেষ করে সামনে এত উজ্জ্বল তরুণের মাঝে তিনি নতুন আশার স্পন্দন অনুভব করছেন।

তিনি বলেন, আজকের বিশ্ব নানাভাবে সংঘাতপূর্ণ এবং বিভাজিত। কিন্তু আধুনিক তথ্যপ্রযুক্তি আর সামাজিক যোগাযোগ মাধ্যম বিশ্বকে এক সুতায় বেঁধে ফেলেছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে একজন মানুষ সহজেই বিশ্বসমাজের একজন হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করছেন। এ অবস্থায় আজকের বিশ্ব নেতৃত্বকে বুঝতে হবে, ধরাকে নানা ইস্যুতে বিভাজিত রেখে, দ্বন্দ্ব-সংঘাতের ভেতরে রেখে আগামী দিনের চ্যালেঞ্জ মোকাবিলায় এগিয়ে যাওয়া যাবে না। আজকের দুনিয়ায় যে কোনো দেশের কিংবা অঞ্চলের জন্য চ্যালেঞ্জ শুধু সে দেশ কিংবা অঞ্চলের থাকে না। পুরো বিশ্বের ওপরই তা কোনো না কোনোভাবে প্রভাব ফেলে। অতএব, বর্তমান বিশ্বের অগ্রগতি এবং ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় আজকের তরুণদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।

তিনি বলেন, বিশ্ব নাগরিকের ধারণা হচ্ছে এটাই যে, একজন তরুণ যে কোনো দেশে বা ভূখণ্ডে জন্ম নিতে পারে। সে দেশের সংস্কৃতি, শিক্ষা এবং পরিবেশে বড় হতে পারে। কিন্তু তাকে প্রস্তুত করতে হবে বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার উপযোগী হিসেবে। বিশ্বের যে কোনো প্রান্তে গিয়ে একজন তরুণ যেন যে কোনো সংকট মোকাবিলায় এবং অগ্রগতিতে সাফল্যের সঙ্গে ভূমিকা রাখতে পারে, তাকে এর উপযোগী করে গড়ে তুলতে হবে। তরুণদের বিশ্ব নাগরিক হিসেবে গড়ে তুলতে পারলে আজকের বিভাজন এবং সংকট এমনিতেই দূর হয়ে যাবে। আমাদের বুঝতে হবে, যতভাগেই ভাগ হোক বিশ্বের ভূখণ্ড, সবাই পৃথিবী নামক গ্রহের বাসিন্দা। আজ যদি এই গ্রহের অস্তিত্ব নিয়ে কোনো সংকট তৈরি হয়, তা কিন্তু পুরো বিশ্ব সমাজের জন্যই সমানভাবে ঝুঁকির কারণ হবে।

তিনি বলেন, বিভাজন এবং দ্বন্দ্বের কারণে আজকের বিশ্বে সাত কোটি মানুষ বাস্তুচ্যুত হয়ে শরণার্থী হিসেবে মানবেতর

জীবনযাপন করছে। এই মানুষেরাও এই পৃথিবীতেই জন্ম নিয়েছে। তারাও অন্য সবার মতো পূর্ণ নাগরিক অধিকার নিয়ে বাঁচার যৌক্তিক দাবি রাখে। তারা আজ কাঁদছে, বিশ্বের কাছে তাদের ন্যায্যভাবে বাঁচার এবং অনিশ্চয়তা থেকে মুক্ত হওয়ার দাবি জানাচ্ছে। সে দাবি আমাদেরই পূরণ করতে হবে।

তিনি বলেন, বিশ্বে একজনও শরণার্থী থাকতে পারে না, এটা সভ্যতার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়। জাতিসংঘ এই শরণার্থীদের সব ধরনের নাগরিক সুবিধা এবং নিশ্চিত জীবন দেওয়ার জন্য কাজ করছে। কিন্তু এত বেশি দ্বন্দ্ব-সংঘাত অব্যাহত থাকলে শরণার্থী সংকটের সমাধান না হয়ে বরং এ সংখ্যা আরও বেড়ে যেতে পারে। জলবায়ু পরিবর্তনের কারণে আগামীতে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা আরও বিপুল সংখ্যায় বেড়ে যেতে পারে। এ বিষয়টি সবাইকে বুঝতে হবে। বিশ্বে যেন আর একজন মানুষও বাস্তুচ্যুত না হয়, শরণার্থী না হয়, সেভাবে আমাদের পরিকল্পনা নিতে হবে।

জাতিসংঘের সাবেক মহাসচিব বলেন, বর্তমানে জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলার বিষয়টি দ্রুত গুরুত্বপূর্ণ হয়ে উঠছে। জলবায়ু পরিবর্তনের জন্য এখন মনে হতে পারে মাত্র কয়েকটি দেশ ক্ষতিগ্রস্ত হতে পারে, কিন্তু আসল চিত্র সেটি নয়। বরং জলবায়ু ক্রমাগত বিরূপ হলে পৃথিবী নামক এই গ্রহ আর বাসযোগ্য থাকবে না, সেটি ধনী-দরিদ্র সবার জন্যই অস্তিত্ব সংকটের জন্ম দেবে। জাতিসংঘ জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলাকে এ মুহূর্তে সবচেয়ে গুরুত্ব দিচ্ছে। এক্ষেত্রেও বিভাজন এবং দ্বন্দ্বের বৈশ্বিক পরিস্থিতি চ্যালেঞ্জের সৃষ্টি করছে।

জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তা, পরিকল্পনা এবং ভূমিকার ভূয়সী প্রশংসা করেন বান কি মুন। জাতিসংঘের সাবেক মহাসচিব বলেন, তিনি ২০১১ সালে ঢাকায় এসেছিলেন জলবায়ু পরিবর্তনবিষয়ক সম্মেলনে অংশ নিতে। এ ছাড়া তিনি গত জুন মাসে গেল্গাবাল কমিশন অন অ্যাডাপটেশন সম্মেলনে অংশ নিতেও ঢাকায় আসেন। সে সময় তার সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কথা হয়। জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার চিন্তা এবং পরিকল্পনা তাকে অভিভূত করে। প্রধানমন্ত্রীর নেতৃত্বে জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশের ভূমিকা বিশ্বের অন্যদের জন্য অনুকরণীয় বলেও তিনি উল্লেখ করেন।

তরুন শিক্ষার্থীদের উদ্দেশে বান কি মুন আরও বলেন, এখনকার সময়টি তথ্যপ্রযুক্তির চরম উৎকর্ষের। সামাজিক যোগাযোগ মাধ্যমের কল্যাণে প্রতি মুহূর্তে বৈশ্বিক পরিস্থিতির সঙ্গে নিজেকে যুক্ত রাখার অপূর্ব সুযোগের সময়। এ সময়টাকে কাজে লাগাতে হবে। বিশ্বের কোথায় কোন গুরুত্বপূর্ণ ঘটনা ঘটছে, তা নতুন কোনো চ্যালেঞ্জ, সংকট কিংবা সম্ভাবনার সৃষ্টি করছে কিনা, সেদিকে খেয়াল রাখতে হবে। সেই সম্ভাবনাকে নিজের দেশ এবং সমাজের কল্যাণে কীভাবে কাজে লাগানো যায়, সেদিকে গভীর মনোযোগ দিতে হবে। পাশাপাশি নিজের ভেতরের সৃষ্টি ও সম্ভাবনাকে বিশ্ব পরিমণ্ডলে ছড়িয়ে দিয়ে একজন সফল বিশ্বনাগরিক হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করতে হবে।

'রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিন' : রোহিঙ্গাদের দ্রুত ফিরিয়ে নিতে মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়েছেন বান কি মুন। গতকাল ঢাকায় পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনের সঙ্গে বৈঠক শেষে তিনি এ কথা বলেন।

স্থানীয় একটি হোটেলে বৈঠক শেষে বান কি মুন বলেন, রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান রাজনৈতিকভাবে হতে হবে। মিয়ানমারকে ১১ লাখ রোহিঙ্গার স্বেচ্ছায় ও নিরাপদে ফেরার পরিবেশ সৃষ্টি করতে হবে। মিয়ানমারের প্রতি বিশেষভাবে

অনুরোধ থাকবে, তারা যেন দ্রুত রোহিঙ্গাদের ফিরিয়ে নেয়। কারণ বাংলাদেশের একার পক্ষে এ সংকটের সমাধান করা সম্ভব নয়। তিনি আরও বলেন, বাংলাদেশ জলবায়ু ঝুঁকি মোকাবিলায় সাফল্যের সঙ্গে ভূমিকা রাখছে। বিশেষ করে সাম্প্রতিক সময়ে ঘূর্ণিঝড় ও বন্যা মোকাবিলায় বাংলাদেশ দারুণ সাফল্য দেখিয়েছে।

বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেন, বান কি মুনের সঙ্গে বৈঠকে রোহিঙ্গা সংকট প্রসঙ্গ, জলবায়ু পরিবর্তনজনিত চ্যালেঞ্জ মোকাবিলা এবং এসডিজি বিষয়ে আলোচনা হয়েছে। রোহিঙ্গা সংকট সমাধানে তিনি বাংলাদেশের পাশে থাকার কথা জানিয়েছেন।

(https://samakal.com/print/191110213/print) মন্তব্য করুন

(https://12tracku.com/path/lp.php?
trvid=14472&trvx=be8ecbf5&exid=CjBmYmRlYjE3NC1kOWE2LTQ4OTQtOWMyZS1jOTE2ZDg5OGZjOGYtdHVjdDE5NjU1ZDYSDXlub3QtbXVhbWEtc2M&site=samakal
central-1.amazonaws.com%2Fad-uploads-long%2F1%2Fb72d694d-70e2-476b-917b-
1162a60fdcdf.jpg&wid=1181378&platform=Desktop&name=EVENT_NAME&utm_source=taboola&utm_medium=referral)

**This Japanese Invention Allows You To Instantly Speak 43 Languages**

| Sponsored **(https://popup.taboola.com/bn/?template=colorbox&utm_source=samakal&utm_medium=referral&utm_content=thumbs-feed-01:Below Arti**

(https://12tracku.com/path/lp.php?
trvid=14472&trvx=be8ecbf5&exid=CjBmYmRlYjE3NC1kOWE2LTQ4OTQtOWMyZS1jOTE2ZDg5OGZjOGYtdHVjdDE5NjU1ZDYSDXlub3QtbXVhbWEtc2M&site=samakal
central-1.amazonaws.com%2Fad-uploads-long%2F1%2Fb72d694d-70e2-476b-917b-
1162a60fdcdf.jpg&wid=1181378&platform=Desktop&name=EVENT_NAME&utm_source=taboola&utm_medium=referral)

(https://samakal.com/whole-country/article/19113611/রতনের-স্ত্রী-শিক্ষিকা-ঝুমুর-সাসপেন্ড)

## এমপি রতনের স্ত্রী শিক্ষিকা ঝুমুর সাসপেন্ড

(https://samakal.com/whole-country/article/19113611/রতনের-স্ত্রী-শিক্ষিকা-ঝুমুর-সাসপেন্ড)

(https://samakal.com/whole-country/article/1908844)

## 'ওসি একাই ৩ বার ধর্ষণ করে'

(https://samakal.com/whole-country/article/1908844)

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

## আমার ওপর সেতুমন্ত্রীর অনেক ক্ষোভ: প্রধানমন্ত্রী

(https://samakal.com/bangladesh/article/19021772/ওপর-সেতুমন্ত্রীর-অনেক-ক্ষোভ-প্রধানমন্ত্রী)

(https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/1909565/বাড়িতে-পুরুষ-না-থাকায়-চার-জনকে-ধর্ষণ-করে-ডাকাতরা)

## বাড়িতে পুরুষ না থাকায় চার জনকে ধর্ষণ করে ডাকাতরা

(https://samakal.com/todays-print-edition/tp-khobor/article/1909565/বাড়িতে-পুরুষ-না-থাকায়-চার-জনকে-ধর্ষণ-করে-ডাকাতরা)

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

## মিথিলা-ফাহমির ছবি ভাইরাল

(https://samakal.com/entertainment/article/19113211/সঙ্গে-ফাহমির-অন্তরঙ্গ-ছবি-ফাঁস)

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

## জ্ঞান হারানোর আগে রিকশাচালককে যে কথা বলেছিলেন রিফাত

(https://samakal.com/whole-country/article/19091424/হারানোর-আগে-রিকশাচালককে-যে-কথা-বলেছিলেন-রিফাত)

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

## মোবাইল রেকর্ড থেকেই জানা গেল আসল ঘটনা

(https://www.samakal.com/whole-country/article/19011860/%E0%A6%B0%E0%A7%87%E0%A6%95%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A1-%E0%A6%A5%E0%A7%87%E0%A6%95%E0%A7%87%E0%A6%87-%E0%A6%9C%E0%A6%BE%E0%A6%A8%E0%A6%BE-%E0%A6%97%E0%A7%87%E0%A6%B2-%E0%A6%86%E0%A6%B8%E0%A6%B2-%E0%A6%98%E0%A6%9F%E0%A6%A8%E0%A6%BE)

(https://samakal.com/lifestyle/article/19011876/বার্ধক্য-রোধ-করবে-যেসব-খাবার)

## অকাল বার্ধক্য রোধ করবে যেসব খাবার

(https://samakal.com/lifestyle/article/19011876/বার্ধক্য-রোধ-করবে-যেসব-খাবার)

(https://samakal.com/entertainment/article/1604205472)

## 'দাবাং ৩' নায়িকার নগ্ন ছবি ফাঁস!

(https://samakal.com/entertainment/article/1604205472)

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

## পদ্মা সেতুতে খুঁটির ওপর বসানো যাচ্ছে না স্প্যান

(https://samakal.com/whole-country/article/19101275/সেতুতে-খুঁটির-ওপর-বসানো-যাচ্ছে-না-স্প্যান)

(https://samakal.com/whole-country/article/1902705)

## ‘আমার ফাঁসি চাই’

(https://samakal.com/whole-country/article/1902705)

(https://samakal.com/lifestyle/article/1904842/পেটে-যেসব-খাবার-খাওয়া-উপকারী)

## খালি পেটে যেসব খাবার খাওয়া উপকারী

**Samakal**

(https://samakal.com/lifestyle/article/1904842/পেটে-যেসব-খাবার-খাওয়া-উপকারী)

(https://samakal.com/entertainment/article/1904942)

## ছেলের বিয়েতে নাচলেন নায়ক রুবেল

**Samakal**


(https://samakal.com/entertainment/article/1904942)

অন্যান্য

বদলি আদেশ অমান্য করলে বেতন বন্ধ (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/191110212/বদলি-আদেশ-অমান্য-করলে-বেতন-বন্ধ)



৭ দফা দাবিতে বুয়েট ভিসিকে স্মারকলিপি (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/191110211/৭-দফা-দাবিতে-বুয়েট-ভিসিকে-স্মারকলিপি)




দলিতদের জীবনের বাঁকে বাঁকে লাঞ্ছনা (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/191110210/দলিতদের-জীবনের-বাঁকে-বাঁকে-লাঞ্ছনা)



বিএনপি নির্মূলে সরকার মাস্টারপ্ল্যান বাস্তবায়ন করছে -মির্জা ফখরুল (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/191110209/বিএনপি-নির্মূলে-সরকার-মাস্টারপ্ল্যান-বাস্তবায়ন-করছে-মির্জা-ফখরুল)


সাবানের গাছ (https://samakal.com/todays-print-edition/tp-last-page/article/191110208/সাবানের-গাছ)

আরও (https://samakal.com/list/tp-last-page)

(https://www.facebook.com/TheDailySamakal/) (https://twitter.com/samakaltw)
(https://www.youtube.com/channel/UCvuyokFrRk7Eix03D7izTPQ)
(https://www.instagram.com/daily_samakal)

© সমকাল ২০০৫ - ২০১৯

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ. কে. আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ (প্রিন্ট), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) |

ইমেইল: samakalad@gmail.com (প্রিন্ট), ad.samakalonline@outlook.com (অনলাইন)

PRIVACY POLICY (https://samakal.com/privacy) | TERMS OF USE (https://samakal.com/terms) | SAMAKAL ALL RIGHTS RESERVED